

চাই আলোকিত প্রতিপক্ষ -২

জনাব জামিলুল বাসার আমার লেখার উত্তর দিয়েছেন; সেজন্য তাকে ধন্যবাদ জানাই। আমি আর উনার সাথে বিতর্ক দীর্ঘায়িত করতে চাই না। কাজেই সামান্য ক'টি কথা বলে বিতর্কের ইতি টানছি।

শেষ পর্যন্ত যা হোক জামিলুল বাসার বুবাতে পেরেছেন যে এ অভিজিৎ সে অভিজিৎ নয়। তার লেখা থেকেই বুঝলাম : জামিলুল বাসার জানেন যে ভিন্নমতে এখন আমি লিখি না, (ভিন্নমত ওয়েব সাইটে বছর কয়েক আগে লিখলেও এখন লিখি না; আর তাদের ফোরামটিতে কিন্তু আমি কখনোই সদস্য হইনি), তাপরও ভিন্নমতের একটি ইমেইল ইস্যু করে আমাকে ঘায়েল করার চেষ্টা না করলেও ভাল করতেন। যদি আপনার নিজের মনেই কনফিউশন থেকে থাকে, তাহলে হড়মুড় করে লেখার চেষ্টা না করে একটু সময় নিয়ে ভালমত দেখে-শুনে তারপর লেখেন না কেন! বিশাস করুন, হড়মুড় করে লেখা উত্তর কখনও ভালো হয় না, আমি আমার নিজের অভিজ্ঞতা দিয়েই শিখেছি। ভিন্নমত ফোরামটিতে কোন্ অভিজিৎ লেখেন, তা ফোরামের সাইটে গিয়ে একটু খোঁজ করলেই পেয়ে যেতেন। দেখুন, আমি আপনার দেওয়া ইংরেজী ইমেইল থেকে লিঙ্কটি উদ্ধার করেছি :

<http://launch.groups.yahoo.com/group/vinnomot/message/10205>

খেয়াল করলে দেখবেন ভদ্রলোকের নাম ‘অভিজিৎ সাহা’, অভিজিৎ রায় নয়। কাজেই মন্তব্য নিষ্পত্তিযোজন (আজকে ফোরামে গিয়ে দেখি জাহেদ আহমেদও ‘অভিজিৎ সাহার’ লিঙ্কটি ভিন্নমতে খুঁজে পেয়েছেন এবং পোস্ট করে দিয়েছেন)।

কিন্তু আমার দুঃখ অন্যথানে। জামিলুল বাসার সাহেব খোলাখুলি ভাবে বললেই পারতেন- ‘ভুল হয়েছে বাপু। এ কোন অভিজিৎ তা না দেখেই উত্তেজিত হয়েছি। উদোর পিন্ডি বুধোর ঘারে চাপানো ঠিক হয়নি’। তা না করে উল্টে আমাকেই দোষারোপ করলেন এ বলে আমি কেন জামিলুল বাসারের ভুল ধরিয়ে দিলাম না এই বলে ‘আমি ভি এম অভিজিৎ নই।’ আরে ভাই, আমি বুঝব কি করে আপনি ‘ভি এম অভিজিৎ’ নাকি আর কোন্ আভিজিতের কথা বলছেন! আমি তো আপনার গালির ধাক্কায় নিজের লেখাই চৌদ্বার করে পড়তে শুরু করেছি - কোথায় আবার রায়হানকে উত্তর দিতে গিয়ে ওয়ারেন বাফেটের নাম লিখলাম। আপনি যে ভিন্নমত থেকে অভিজিৎ সাহা নামের আরেক ভদ্রলোককে অযথাই আমার ঘারে চাপিয়েছেন- এর সামান্য ক্লু-ও কোথাও পাইনি। আগেই বলেছি আমি ভিন্নমতের সদস্য নই। আমি নিয়ম

করে ভিন্নমত ফোরাম ফলো করি না। কাজেই আমার জানার কথা নয় কোথায় কোন্‌
অভিজিৎ সাহা কি লিখেছেন। আপনার এবারের প্রবন্ধ থেকেই (মেইলটার শিরোনামে
'vinnomot' লেখা; ফলে ভিন্নমতে সার্চ করে ওই অভিজিৎ সাহার কথা জানতে
পারলাম।) কাজেই 'মশা মারতে কামান দাগা'র উপমা বোধ হয় আমার ক্ষেত্রে সত্য নয়।
আর সত্য হলে জামিলুল বাসার তো কামান নয় - পয়লা বারেই মিজাইল পর্যন্ত দেগে দিলেন;
একটা মিথ্যা অভিযোগের ভিত্তিতে আমাকে 'ছাইদী', 'লাদেন' বানিয়ে দিলেন!

জামিলুল বাসার সাহেব উদোর পিন্ডি বুধোর ঘারে চাপিয়েও ক্ষান্ত হন নি। তিনি বলেন, 'ভুল
হলেও মূলতঃ এম এম ও তি এম দুই অভিজিৎ ই 'নাস্তিক্য বিজ্ঞানী'। গড় স্বিকার করেন না।
.... বহুল পরিমাণে মিল থাকাই স্বাভাবিক।....'। বাসার সাহেবকে কি বলব বুঝতে পারছি
না। এ যেন মনে হচ্ছে কেউ বলছে 'রাম ছাগলেরও দাঁড়ি আছে, রবীন্দ্রনাথেরও দাঁড়ি আছে;
কাজেই রামছাগলের ছাগলামির জন্য রবীন্দ্রনাথ দায়ী!!!!' জামিলুল বাসারকে কি করে
বোঝাই 'তি এম অভিজিৎ' ওরফে অভিজিৎ সাহা 'নাস্তিক্য বিজ্ঞানী' না 'আস্তিক্য বিজ্ঞানী' তা
আমার জানার কথা নয়, স্বেফ নামের মিলের কারণেই কিংবা 'নাস্তিক্য বিজ্ঞানী' (এটা আবার
কি জিনিস বাবা!) হবার কারণেই উনার বক্তব্য অভিজিৎ রায়ের বক্তব্যে পরিণত হয় না।
যেমন, পৃথিবীর যত 'জামিলুল' নামধারী ব্যক্তি আছেন তাদের সবাইকেই কি এই জামিলুল
বাসারের সমগোত্রীয় বা একই চিন্তার উত্তরসূরী মনে করা কিংবা তাদের বক্তব্যের জন্য কি
বাসার সাহেবকে দায়ী করা কি মানসিক সুস্থিতার লক্ষণ হবে?

যা হোক শেষ পর্যন্ত কথা হল যে, জামিলুল বাসারকে কোন কটু কথা বলে থাকলে আমি
ক্ষমাপ্রার্থী। জামিলুল বাসার কিংবা অভিজিৎ রায় ভিন্ন ধারণায় বিশ্বাসী হতে পারে, কিন্তু সে
জন্য একে অন্যকে গালমন্দ করতে হবে, 'ছাইদী' কিংবা 'লাদেন' উপমায় ভূষিত করতে
হবে তা আমি সঠিক মনে করি না। আমি মনে করি : প্রতিপক্ষকে সন্মান করে লিখলে নিজের
সন্মানহানি ঘটেনা।

অভিজিৎ

সেপ্টেম্বর ৭, ২০০৬